**The Bangladesh Observer**
DHAKA SATURDAY NOVEMBER 19, 1988

তারিখ 19 NOV 1988
পৃষ্ঠা ৪
ডকুমেন্টেশন কেন্দ্র

19

010

# বাংলাদেশ ক্যাডেট কলেজসমূহে ভর্তি ১৯৮৯

ক্যাডেট কলেজসমূহে সপ্তম শ্রেণীতে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদেরকে কলেজসমূহ থেকে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে আবেদন করতে আহবান করা হচ্ছে। কলেজে আবেদনপত্র পৌছানোর শেষ তারিখ ০৪ জানুয়ারী ১৯৮৯।

২। যোগ্যতা

ক। ভর্তি বালক/বালিকা উভয়ের জন্য উন্মুক্ত (বালিকাদের জন্য শুধুমাত্র ময়মনসিংহ গালর্স ক্যাডেট কলেজ)। যে সমস্ত প্রার্থী ইতিপূর্বে দুইবার সাক্ষাৎকার/ভর্তি পরীক্ষায় অবতীর্ণ হয়েছে তাদের আবেদন গ্রাহ্য হবে না।

খ। প্রার্থীদেরকে অবশ্যই ষষ্ঠ শ্রেণী পাশ হতে হবে।

গ। বয়স ঃ পহেলা জানুয়ারী ১৯৮৯ তারিখে সর্বোচ্চ সাড়ে বার বৎসর এবং সর্বনিম্ন এগার বৎসর।

ঘ। শারিরীক ঃ প্রার্থীদেরকে শারিরীক দিক থেকে সুস্থ হতে হবে।

ঙ। দৈহিক উচ্চতা ঃ সর্বনিম্ন ৪′ — ৪″ সর্বোচ্চ ৫′ — ২″

চ। জাতীয়তা ঃ প্রার্থীদেরকে অবশ্যই জন্মসূত্রে কিংবা ডোমিসাইল বাংলাদেশী নাগরিক হতে হবে।

৩। আবেদনপত্র, ক্যাডেট কলেজসমূহে ভর্তির বিস্তারিত নিয়মাবলী এবং সেই সংগে কলেজের প্রসপেকটাস পেতে হলে নিজের ঠিকানা লিখিত ১০/- (দশ টাকার) ডাক টিকেট সংযুক্ত ১১″×৮″ সাইজের খাম এবং যে কলেজে ভর্তি হতে ইচ্ছুক সে কলেজের অধ্যক্ষের নামে ১০০/- (একশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফ্‌ট (কলেজের পার্শ্বে বর্ণিত ব্যাংকের উপর) পাঠাতে হবে। নিম্নে ঠিকানা দেওয়া হলঃ

| | কলেজের ঠিকানা | ব্যাংকের নাম |
|---|---|---|
| ক। | অধ্যক্ষ<br>ফৌজদারহাট ক্যাডেট কলেজ<br>ডাকঘর—ক্যাডেট কলেজ<br>জেলা—চট্টগ্রাম | অগ্রণী ব্যাংক<br>ফৌজদারহাট ক্যাডেট কলেজ শাখা |
| খ। | অধ্যক্ষ<br>ঝিনাইদহ ক্যাডেট কলেজ<br>ডাকঘর—ক্যাডেট কলেজ<br>জেলা—ঝিনাইদহ | সোনালী ব্যাংক<br>ঝিনাইদহ ক্যাডেট কলেজ শাখা |
| গ। | অধ্যক্ষ<br>মির্জাপুর ক্যাডেট কলেজ<br>ডাকঘর—ক্যাডেট কলেজ<br>জেলা—টাংগাইল | অগ্রণী ব্যাংক<br>মির্জাপুর ক্যাডেট কলেজ শাখা |
| ঘ। | অধ্যক্ষ<br>রাজশাহী ক্যাডেট কলেজ<br>ডাকঘর—সারদা<br>জেলা—রাজশাহী | সোনালী ব্যাংক<br>রাজশাহী ক্যাডেট কলেজ শাখা |
| ঙ। | অধ্যক্ষ<br>সিলেট ক্যাডেট কলেজ<br>ডাকঘর—সিলেট<br>জেলা—সিলেট | পূবালী ব্যাংক<br>সিলেট ক্যাডেট কলেজ শাখা |
| চ। | অধ্যক্ষ<br>রংপুর ক্যাডেট কলেজ<br>ডাকঘর—আলমনগর<br>জেলা—রংপুর | অগ্রণী ব্যাংক<br>রংপুর ক্যাডেট কলেজ শাখা |
| ছ। | অধ্যক্ষ<br>বরিশাল ক্যাডেট কলেজ<br>ডাকঘর—রহমতপুর<br>জেলা—বরিশাল | সোনালী ব্যাংক<br>বরিশাল ক্যাডেট কলেজ শাখা |
| জ। | অধ্যক্ষ<br>পাবনা ক্যাডেট কলেজ<br>ডাকঘর—পাবনা<br>জেলা—পাবনা | রূপালী ব্যাংক<br>জালালপুর শাখা, পাবনা |
| ঝ। | অধ্যক্ষ<br>ময়মনসিংহ গালর্স ক্যাডেট কলেজ<br>ডাকঘর—ময়মনসিংহ<br>জেলা—ময়মনসিংহ | অগ্রণী ব্যাংক<br>ময়মনসিংহ গালর্স ক্যাডেট কলেজ শাখা |
| ঞ। | অধ্যক্ষ<br>কুমিল্লা ক্যাডেট কলেজ<br>ডাকঘর—কোর্টবাড়ী<br>জেলা—কুমিল্লা | জনতা ব্যাংক<br>কুমিল্লা ক্যাডেট কলেজ শাখা |

৪। **নির্বাচনী পরীক্ষা ঃ** প্রার্থীদেরকে ২৭ জানুয়ারী ১৯৮৯ (শুক্রবার) তারিখে ষষ্ঠ শ্রেণীর মান অনুযায়ী নিম্ন বর্ণিত বিষয়সমূহে অনুচ্ছেদ ৫-এ বর্ণিত কেন্দ্রসমূহের যে কোন একটি সুবিধাজনক কেন্দ্রে লিখিত পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। লিখিত পরীক্ষার বিষয়সমূহের পূর্ণমান ও সময়সূচী নিম্নে প্রদত্ত হলঃ

ক। **প্রথম পর্ব (সকাল) ০৯০০ ঘটিকা হইতে ১১১৫ ঘটিকা পর্যন্ত**

| | বিষয় | পূর্ণমান | | সময় |
|---|---|---|---|---|
| (১) | অংক | ১০০ | | ৯০ মিনিট |
| | — | — | বিরতি | ১৫ মিনিট |
| (২) | সাধারণ জ্ঞান এবং বুদ্ধিমত্তা | ৫০ | | ৩০ মিনিট |

খ। **দ্বিতীয় পর্ব (বিকাল) ১৪·০০ ঘটিকা হইতে ১৬·১৫ ঘটিকা পর্যন্ত**

| | বিষয় | পূর্ণমান | | সময় |
|---|---|---|---|---|
| (১) | বাংলা | ৭৫ | | ৬০ মিনিট |
| | — | — | বিরতি | ১৫ মিনিট |
| (২) | ইংরেজী | ৭৫ | | ৬০ মিনিট |

৫। **পরীক্ষা কেন্দ্রসমূহ ঃ** ফৌজদারহাট ক্যাডেট কলেজ, ঝিনাইদহ ক্যাডেট কলেজ, মির্জাপুর ক্যাডেট কলেজ, রাজশাহী ক্যাডেট কলেজ, সিলেট ক্যাডেট কলেজ, রংপুর ক্যাডেট কলেজ, বরিশাল ক্যাডেট কলেজ, পাবনা ক্যাডেট কলেজ, ময়মনসিংহ গালর্স ক্যাডেট কলেজ, কুমিল্লা ক্যাডেট কলেজ, বান্দরবন রাংগামাটি, ঢাকা, খুলনা, রাজশাহী, দিনাজপুর, ফরিদপুর, বগুড়া ও ময়মনসিংহ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

৬। **সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা ঃ** যে সমস্ত প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হবে তাদেরকে ১০০ নম্বরের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

৭। **স্বাস্থ্য পরীক্ষা ঃ** লিখিত এবং মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হলে ডাক্তারী পরীক্ষার মাধ্যমে তাদের শারিরীক যোগ্যতা যাচাই করা হবে এবং শারিরীক দিক থেকে সক্ষম বিবেচিত হলে তবেই তাদেরকে ক্যাডেট কলেজসমূহে ভর্তির অনুমতি দেওয়া হবে। এ ব্যাপারে মেডিক্যাল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত এবং পরবর্তীতে আর কোন আবেদন গ্রাহ্য হবে না। ক্যাডেট কলেজে ভর্তির ক্ষেত্রে ছাত্র/ছাত্রী বাছাইয়ের পর প্রার্থীদের কলেজ ফি পিতা/মাতা/অভিভাবকের উপার্জিত আয়ের ভিত্তিতেই নির্ধারিত হয়ে থাকে।

সভাপতি
ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ
এবং
এ্যাডজুটেন্ট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী
সেনাবাহিনী সদর দপ্তর
ঢাকা সেনানিবাস

আইএসপিআর—৩৭(সেনা)৮৮/১৩৩৬
ডি,এফ,পি(স)১৪৬৯৭—১৭/১১/৮৮ জিসি—৬৭৫